সংবাদ

২৯ MAY 2017

# বাগেরহাটে দপ্তরি নিয়োগে শিক্ষা অফিসের বাণিজ্য

প্রতিনিধি, বাগেরহাট

বাগেরহাটে এবার প্রাইমারি স্কুলে নৈশপ্রহরী কাম দপ্তরি নিয়োগে প্রার্থীদের নিকট থেকে সরাসরি নগদ টাকা চাঁদা আদায় করেছে শিক্ষা অফিস।

সুনির্দিষ্ট অভিযোগ উঠেছে, ব্যাংক ড্রাফট বা পোস্টাল অর্ডার ছাড়াই বাগেরহাটে কচুয়া উপজেলা শিক্ষা অফিসের নির্দেশনায় স্ব স্ব সরকারি প্রাইমারি স্কুলের প্রধান শিক্ষক আবেদনকারী প্রতি এক হাজার টাকা করে আদায় করেছেন। আবেদনকারীদের নিয়োগ পরীক্ষার ফি বাবদ এ টাকা নেয়া হচ্ছে বলে একাধিক আবেদনকারী জানান।

কচুয়া উপজেলা শিক্ষা অফিস সূত্র জানায়, শিক্ষা অধিদপ্তরের নীতিমালা অনুযায়ী গত ৭ মে ২০১৭ উপজেলার ১৬টি সরকারি প্রাইমারি স্কুলে একজন করে নৈশপ্রহরী কাম দপ্তরি নিয়োগ দানের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। এ বিজ্ঞপ্তি প্রকাশের পর ২১ মে ২০১৭ পর্যন্ত মোট ১০৩ জন প্রার্থী আবেদন করেন। এর মধ্যে বারুইখালী প্রাইমারি স্কুলের অনুকূলে ১২ জন, পশ্চিম টেংরাখালী স্কুলে ৪ জন, পশ্চিম মঘিয়া স্কুলে ৬ জন, শাখারী কাঠি শহীদ স্মৃতি স্কুলে ১০ জন, মালিপাটন স্কুলে ৫ জন, বিষার খোলা স্কুলে ৬ জন, ফুলতলা স্কুলে ৮ জন, বগা স্কুলে ১০ জন, সোনাকান্দর স্কুলে ৯ জন, চরসোনাকুর ৭ জন, বিছট স্কুল ৬ জন, বটতলা ৩ জন, ভাষা স্কুলে ৪ জন ১৬টি স্কুলের প্রধান শিক্ষক ১০৩ জন আবেদনকারীদের নিকট থেকে মোট এক লাখ ৩ হাজার টাকা আদায় করেন।

উপজেলার ২ নং বারুইখালী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আনোয়ারা খাতুন, বিলকুল প্রাইমারি স্কুলের শিক্ষক রফিকুল ইসলাম ও ফুলতলা সরকারি প্রাইমারি স্কুলের প্রধান শিক্ষক জাহানারা খাতুন সাংবাদিকদের বলেন, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সামিমা আক্তার প্রধান শিক্ষকদের ডেকে নিয়োগে'র খরচ বাবদ আবেদনকারী প্রতি এক হাজার টাকা আদায় করে ৫০০ টাকা রেখে বাকি ৫০০ টাকা করে শিক্ষা অফিসে জমা দিতে বলেছে।

কচুয়া উপজেলা প্রাইমারি শিক্ষা অফিসার সামিমা আখতার বলেন, নিয়োগ পরিক্ষার জন্য প্রশাসনিক খরচ আছে।

তাই তাৎক্ষণিকভাবে আলোচনার মাধ্যমে এক হাজার টাকা আদায় করার সিদ্ধান্ত নেয়া হয়। আর আদায়কৃত টাকা প্রধান শিক্ষকদের নিকট জমা রয়েছে। এসব অনিয়ম ও প্রকাশ্য চাঁদা আদায়ের বিষয়ে নিয়োগ কমিটি'র সভাপতি উপজেলা নির্বাহী অফিসার আসিকুর রহমান সাংবাদিকদের বলেন, শিক্ষা অফিস কিভাবে এটা করেছে তা আমার জানা নেই। তবে এ ঘটনা জানার পর আবেদনকারীদের টাকা ফেরত দিতে বলেছি এবং পুনঃরায় নিয়োগ বিজ্ঞপ্তি দিয়ে নীতিমালা অনুযায়ী স্বচ্ছভাবে দপ্তরি কাম নৈশপ্রহরী নিয়োগ দেয়া হবে।